গাংনীতে আগ্নেয়াস্ত্রসহ র্যাবের জালে ৩ যুবক

প্রতিপক্ষকে আগ্নেয়াস্ত্র দিয়ে ফাঁসাতে গিয়ে গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের ৩ জন অস্ত্রসহ র্যাবের হাতে আটক হয়েছে।

গতকাল বুধবার দিবাগত মধ্য রাতে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি ৩ গাংনী ক্যাম্পের এক বিশেষ অভিযানে তাদেরকে আটক করা হয়।

তাদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে একটি ওয়ান শুটারগান এবং দুইটি বাটন মোবাইল ফোন।

আটককৃতরা হলেন গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের তরিকুল ইসলাম, জেনারুল ইসলাম ও সামিম আজাদ ওরফে বাবুল।

র্যাব-১২ গাংনী ক্যাম্প কমান্ডার সহকারি পুলিশ সুপার এনামুল হক জানান, ছাতিয়ান গ্রামের ওমর আলীর ছেলে রতন আলী নামের এক ব্যক্তিকে ফাঁসাতে তার বসতবাড়ির ভিতরে মাটির নিচে অস্ত্র পুতে রেখে র্যাবকে খবর দেন আটক তিন জন। রতনকে ফাঁসাতে অস্ত্র রাখা হয়েছে বলে নিশ্চিত হয় র্যাব। রাতে অভিযান চালিয়ে ওই দিনজনকে আটক করার পর তাদের স্বীকারোক্তি মোতাবেক রতনের বসতবাড়িতে পুতে রাখা একটি ওয়ান শুটারগান উদ্ধার করা হয়। এদের আটকের পর জিজ্ঞাসাবাদ করলে রতনকে ফাঁসাতে অস্ত্র রাখার বিষয়টি স্বীকার করে তারা।

আটক তরিকুল, জেনারুল ও বাবলুর বিরুদ্ধে গাংনী থানায় অস্ত্র আইনে মামলাসহ সোপর্দ করা হয়ে হয়েছে বলে জানায় র্যাব কমান্ডার।

হারিয়ে যাওয়া ঐতিহ্য ফেরাতে

গাংনীতে পিঠা উৎসব

গ্রাম বাংলার হারানো ঐতিহ্য ফিরিয়ে আনতে মঙ্গলবার মেহেরপুরের গাংনী সরকারী ডিগ্রি কলেজে তারুণ্যের পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে।

জমকালো উৎসবে শোভা পাচ্ছে স্বতীন পিঠা, বেক্কল জামাই, মেয়েদের মন, জামাইয়ের প্যাচ, ভালবাসার লাল গোলাপ, পিয়াসা, পাটি সাপটা, চিতই, ভাপা, পুলি, সরু, মালাই রোল, চিটা রুটিসহ পুরনো নানা পিঠার সমারোহ লক্ষ্য করা গিয়েছে।

নিজেদের স্টলগুলো পরিচালনা করেন বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা। দিন দিনব্যাপী পিঠা মেলার উদ্বোধন করেন গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন। উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, গাংনী সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম।

তারুণ্যের মেলা উপলক্ষে আয়োজন করা হয় এই পিঠা উৎসবের। গ্রাম বাংলার হারিয়ে যাওয়া পিঠা তৈরি করে হাজির হন কলেজের শিক্ষার্থীরা। সঙ্গে ছিল আধুনিক সব পিঠাও। ২৫ টি স্টলে পিঠার পসরা সাজিয়ে বসেন শিক্ষার্থীরা। তরুণ প্রজন্ম সকাল থেকেই ভিড় জমান পিঠা উৎসবে। পরিচিত হন নতুন ও পুরাতন হরেক রকমের পিঠার সঙ্গে।

গাংনী সরকারি ডিগ্রি কলেজ চত্ত্বরে শুরু হওয়া এ পিঠা উৎসবে ছিল বেশ ভিন্নতা। শিক্ষার্থীদের নিজ হাতে তৈরী করা এসব পিঠা সাজিয়েছেন তাদের স্টলে। ভোজন রসিকরা বিভিন্ন স্টল ঘুরে ঘুরে দেখছেন আর স্বাদ নিচ্ছেন। সেই সাথে অনেকে এসেছেন তাদের সন্তাানদেরকে পিঠা পুলির স্বাদের পাশাপাশি পিঠার সাথে পরিচয় ঘটাতে।

পিঠা উৎসবের আয়োজনে বেজায় খুশি শিক্ষার্থীরা। এ ধরনের আয়োজন তরুণ প্রজন্মকে আরো উদ্যমী করে গড়ে তুলবে বলে মনে করছেন তারা।

গাংনীতে শিশু বিবাহ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক মতবিনিময় সভা

গাংনী উপজেলার রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু বিবাহ, মানব পাচার, মাদক প্রতিরোধ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টায় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এ সভার আয়োজন করা হয়।

জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই কর্মসূচির আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান। এতে বক্তব্য রাখেন সহকারী শিক্ষক সাহেবুল ইসলাম, আবু সাঈদ ও মাতিউন নেছা। শুভেচ্ছা বক্তব্য দেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার।

আলোচকরা শিশু বিবাহের কুফল, মানব পাচারের ভয়াবহতা ও মাদক প্রতিরোধের গুরুত্ব তুলে ধরেন। পাশাপাশি, ৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম ও মৃত্যুর নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে শিক্ষার্থীদের সচেতন করা হয়।

সভায় বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির ছাত্র-ছাত্রী ও শিক্ষকরা অংশগ্রহণ করেন।

গাংনীতে ১৪ কেজি গাঁজাসহ বৃদ্ধ আটক

১৪ কেজি গাঁজাসহ আজিবুর রহমান (৬৫) নামের এক পাচারকারীকে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)। আটক আজিবুর রহমান গাংনী উপজেলার সীমান্তবর্তী কাথুলি গ্রামের মৃত নিচিন শেখের ছেলে।

কুষ্টিয়া ৪৭ বিজিবি’র ধলা বিওপি ক্যাম্পের হাবিলদার মোহাম্মদ

আলীর নেতৃত্বে বিজিবির একটি টহল টিম আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৩৪/২ এস এর বাংলাদেশের অভ্যন্তরে ধলার বিল নামক স্থান থেকে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে আটক করেন।

হাবিলদার মোহাম্মদ আলী জানান, গতরাত ১২ টার সময় আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৩৪/২ এস এর নিকট মাদক পাচার হচ্ছে এমন গোপন তথ্যের ভিত্তিতে বিজিবির টহল টিম অবস্থান করছিলো।

চারজন মাদক পাচারকারি গাঁজার প্যাকেট নিয়ে কাঁটাতারের সীমান্ত পার হয়ে বাংলাদেশের অভ্যন্তরে ঢুকছিলেন। এসময় বিজিবি’র টহল টিম তাঁদের ধাওয়া দিলে গাঁজার প্যাকেট ফেলে তিনজন পালিয়ে যেতে সক্ষম হলেও আজিবুর রহমানকে আটক করা হয়।

মেহেরপুরে আরও ৪টি ইটভাটা বন্ধ, সাড়ে ৪ লাখ টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে চারটি অবৈধ ইটভাটা বন্ধ ও সাড়ে ৪ লাখ টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় এই অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিষ্ট্রেট গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন এ অভিযান পরিচালনা করেন।

অভিযানে পরিবেশ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোজাফফর আহমেদ, বামুন্দি ফায়ার সার্ভিস ও গাংনী থানা পুলিশের একটি দল অংশ নেন।

এর আগের দিন একই উপজেলায় তিনটি ইটভাটায় অভিযান চালিয়ে ২ লাখ ৩০ হাজার টাকা জরিমানা আদায়ের পাশাপাশি ভাটা তিনটি বন্ধ করে দেওয়া হয়।

নির্বাহী ম্যাজিষ্ট্রেট সাদ্দাম হোসেন জানান, গাংনী উপজেলার আকুবপুর এলাকার, রূপসা ব্রিকস, জনতা ব্রিকস ও থ্রি স্টার

ব্রিকসের মালিকদের এক লাখ টাকা করে ৩ লাখ টাকা এবং সমতা ব্রিকসের মালিককে দেড় লাখ টাকা জরিমানা করা হয়েছে। এসময় বিপুল পরিমাণ কাঁচা ইট পানি দিয়ে বিনষ্ট করা হয়েছে। অবৈধভাবে গড়ে ওঠা এসব ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছিল না। এছাড়া, কয়লার পরিবর্তে কাঠ পোড়ানোর অভিযোগ পাওয়া যায়।

এসব অনিয়মের কারণে জেলা প্রশাসনের পক্ষ থেকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। মেহেরপুর জেলায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়াই ১০৮ টি অবৈধ ইটভাটা গড়ে উঠেছে।

গাংনীতে শিক্ষক কর্মচারীদের বিক্ষোভ সমাবেশ ও র্যালী

মেহেরপুরের গাংনী উপজেলার সকল বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরি জাতীয় করনের দাবীতে র্যালী ও বিক্ষোভ সমাবেশ করেছে বেসরকারি কলেজ শিক্ষক সমিতি গাংনী উপজেলা শাখা।

মঙ্গলবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বর শহীদ মিনারের সামনে এ কর্মসুচি পালন করেন তারা।

‘হাতে হাত,কাধে কাধ, এক সাথে চলবো পথ, এ প্রতিপাদ্যে শিক্ষক কর্মচারিদের বাৎসরিক মিলন মেলা অনুষ্ঠানের আগে বিক্ষোভ সমাবেশ ও র্যালী করেন তারা।

উপজেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি বেদারুল আলমের নেতৃত্বে একটি র্যালী গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র্যালী শেষে উপজেলা পরিষদ চত্বরে বিক্ষোভ সমাবেশ করেন শিক্ষকরা।

সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি মোঃ বেদারুল আলম,সাধারণ সম্পাদক এসএম সায়েম,নির্বাহী সদস্য মোঃ আবুল কালম আজাদ সপন প্রমুখ।

এসময় শিক্ষকরা সরকারের কাছে দাবী কেও বলেন, সরকারি শিক্ষকরা যে

সিলেবাস অনুযায়ী শিক্ষাকরা পাঠ দান করেন। আমরাও সেই সিলেবাস ও নিয়মকানুন অনুযায়ীকলেজ পরিচালনা করি। তবে কেনো আমাদেও সাথে বৈষম্য করা হয়। বক্তারা বলেন, আমরা আমাদের অধিকার আদায়ে বৃহৎ কর্মসুচি পালন করবো।

পাতা কপির কেজি ১টাকা, সাত কেজি আলু মিলছে একশ টাকায়

মেহেরপুরে ১ টাকা কেজি কপি, ১ শত টাকায় মিলছে সাত কেজি আলু এতে ক্রেতারা খুশি হলেও উৎপাদন খরচ উঠছেনা ফলে দুশ্চিন্তা চাষিদের। সবজির এমন দরপতনে আগামীতে সবজি আবাদে আগ্রহ হারাবেন চাষিরা। তবে চাল ডাল, তেল, মসলার দাম উর্ধমুখী। এখানে সস্তি নেই স্বল্প আয়ের মানুষের।

সরেজমিনে দেখা গেছে, মেহেরপুরে পাইকারি বাজারে শীতকালীন সব ধরনের সবজি ও পেঁয়াজের দরে ধস নেমেছে। পূর্বের সব রেকর্ড ভেঙে পাইকারিতে প্রতি কেজি বাঁধাকপি ও ফুলকপি ১ টাকা কেজি এবং ১০০ টাকায় পাওয়া যাচ্ছে ১০ কেজি আলু। গত শনিবার গাংনী কাঁচা বাজারে পাইকারি প্রতি কেজি আলু ৮ থেকে ১০ টাকা, পেঁয়াজ ২৫ থেকে ২৬ টাকা, টমেটো ৮ থেকে ১০ টাকা, শসা ১৫ থেকে ১৬ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

পূর্বমালসাদ গ্রামের চাষি আতিয়ার রহমান জানান, তিনি এবার এক বিঘা জমিতে মুড়িকাটা পেঁয়াজ আবাদ করেন যার খরচ হয় প্রায় ৮০ হাজার টাকা। পেঁয়াজ বিক্রি করে যে টাকা হয়েছে তাতে লোকসান হয়েছে প্রায় ৩০ হাজার টাকা।

একই গ্রামের আলুচাষি কুদ্দুস আলী জানান, এক বিঘা জমিতে আলু চাষ করে চরম বিপাকে রয়েছেন। আলুর যা দাম তাতে খেত থেকে তুলে আনার শ্রমিক খরচই উঠছে না।

সাহারবাটি গ্রামের সবিজচাষি হাসিবুল ইসলাম বলেন, গেল কয়েকদিন গবাদি পশুতে খেয়েছে বাঁধাকপি ও ফুলকপি। পরবর্তী আবাদ করার জন্য

চাষীরা খেত পরিষ্কার করার চেষ্টা করছেন। তাই অনেকেই খেত থেকে বিনামূলে কপি তুলে হাটে বিক্রি করছেন। এ দিকে চাহিদার চেয়ে উৎপাদন কয়েকগুণ বেড়ে যাওয়ায় দর পতন বলে জানান ব্যবসায়ীরা।

তবে সারাদেশে আবাদ বৃদ্ধি পাওয়ায় মেহেরপুর জেলার সবজি খুব বেশি পরিমাণ অন্য জেলায় যাচ্ছে না বলে জানিয়েছেন গাংনী কাঁচাবাজারের পাইকারি সবজি আড়তদার নাজমুল ইসলাম। সবজি বিক্রি করে চাউল, ডাউল মসলা ও তেল কিনতে নাভিশ্বাস উঠছে চাষিসহ সাধারন মানুষের।

তিনি বলেন, মেহেরপুর তহহাট ও গাংনী কাঁচা বাজার থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় সবজি সরবরাহ করা হয়। কিন্তু বিভিন্ন জেলায় প্রচুর পরিমাণে সবজি আবাদ হওয়ায় চাহিদা কমে গেছে। বাজারে বিপুল পরিমাণ সবজি আসলেও পানির দরে বিক্রি করতে বাধ্য হচ্ছেন চাষিরা। এতে ক্রেতারা খুশি হলেও পথে বসছেন চাষিরা।

গাংনীতে পিএসকেএসের ফ্রী স্বাস্থ্য ক্যাম্প

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তা এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির বাস্তবায়নে, গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির কাজিপুর শাখা কার্যালয়ে বিনামূল্য স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে গাংনীর কাজিপুর ইউনিয়নের সর্বসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে এই স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পে মোট ১৮৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।

স্বাস্থ্য ক্যাম্পে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমৃদ্ধি কর্মসূচির উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ রাকিবুল ইসলাম, কাজিপুর ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আন্জুমান ইসলাম, সদস্য মোঃ খেতাব আলী, প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ আব্দুল

হাদী।

গাংনীতে গাঁজাসহ যুবক ও পরোয়ানাভুক্ত আসামিসহ গ্রেফতার-২

এক কেজি ভারতীয় গাঁজাসহ মো: লিখন মিয়া (২৫) নামের এক যুবক ও অপর একটি অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত পলাতক আসামি আব্দুর রাজ্জাক
(৩০) কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গাঁজাসহ আটক লিখন মিয়া গাংনী উপজেলার খাঁসমহল গ্রামের মৃক সাঈদ হোসেনের ছেলে। এছাড়া আদালতের পরোয়ানাভূক্ত পলাতক আসামি আব্দুর রাজ্জাক একই উপজেলার গাড়াডোব গ্রামের আবুল কালামের ছেলে।

মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত থানা পুলিশের পৃথক দুটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাঁদের গ্রেফতার করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি বানী ইসরাইল জানান, উপজেলার নওপাড়া নবীনপুর গ্রামের নওপাড়া- তেঁতুলবাড়িয়া রাস্তার পাশে একটি নির্মানাধীন পাকা বাড়ির সামনে থেকে লিখন মিয়াকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে এক কেজি গাঁজা ও একটি পাখি ভ্যান জব্দ করা হয়।
গাঁজা উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ধারা ৩৬
(১) সারণির ১৯ ( ক)/৩৮ ধারায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। গাংনী থানার মামলা নং ৫।

অপরদিকে বিজ্ঞ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দ্বিতীয় আদালতের সিআর মামলা ৭৫২/২৪ এর পলাতক আসামি আব্দুর রাজ্জাককে তাররবাড়িতে অভযান চালিয়ে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা বৈঠক

গাংনী উপজেলার মড়কা বাজারে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১ ফেব্রুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত এই বৈঠক অনুষ্ঠিত হয়।

রাইপুর ইউনিয়ন জামায়াতের সভাপতি হজরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাক্তার মোহাম্মদ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা জামায়াতের সূরা ও কর্মপরিষদ সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা।

রায়পুর ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি মনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জামায়াতের রুকন শফিউর রহমান। এসময় জামায়াতে ইসলামীর রাইপুর ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন।